যুগান্তর

তারিখ ..... 28 JUN 2016
পৃষ্ঠা ৭-৮ কলাম ৬ .........

# শিক্ষকরা ৩০ জুন পর্যন্ত ঈদ বোনাস তুলতে পারবেন

**যুগান্তর রিপোর্ট**

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নতুন পে-স্কেলে দেয়া রোজার ঈদের উৎসবভাতা অর্থ সোমবার ছাড় করা হয়েছে। অনুদান বণ্টনকারী চার ব্যাংকে ১২টি চেকের মাধ্যমে এ অর্থ জমা দেয়া হয়েছে। আগামী ৩০ জুন পর্যন্ত এই ভাতা উত্তোলন করা যাবে।

শিক্ষা মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, বর্তমানে সারা দেশে প্রায় ৫ লাখ শিক্ষক-কর্মচারী এমপিও পাচ্ছেন। এর মধ্যে সাধারণ স্কুল-কলেজ ও মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী আছেন ৪ লাখ ৭৯ হাজার ২৯২ জন। কারিগরি স্কুল-কলেজ ও মাদ্রাসায় আছেন ১৭ হাজার ৩৭৬ জন।